

১৭ ও ২৪ মে সাপ্তাহিক ছুটির দিনেও খোলা থাকবে শিক্ষাপ্রতিষ্ঠান

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০২:০৬, ৮ মে ২০২৫



শিক্ষা মন্ত্রণালয়

ছবি: সংগৃহীত

ঈদুল আজহার সরকারি ছুটি সামনে রেখে ১৭ ও ২৪ মে (শনিবার) সাপ্তাহিক ছুটির দিনেও দেশের সব সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে। ছুটির সমন্বয় করে দাপ্তরিক ও একাডেমিক কার্যক্রম সচল রাখতে এ সিদ্ধান্ত নিয়েছে সরকার।



বুধবার (৭ মে) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সেবা শাখা থেকে এ সংক্রান্ত একটি অফিস আদেশ জারি করা হয়। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের একই তারিখের প্রজ্ঞাপনকে ভিত্তি হিসেবে উল্লেখ করা হয়েছে।



প্রজ্ঞাপনে জানানো হয়, পবিত্র ঈদুল আজহা উপলক্ষে ১১ ও ১২ জুন (বুধবার ও বৃহস্পতিবার) নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করা হয়েছে। এই ছুটির সমন্বয়ে ১৭ ও ২৪ মে (শনিবার) সরকারি, আধা-সরকারি,

স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত ও বেসরকারি দপ্তর খোলা থাকবে। একইসঙ্গে এসব প্রতিষ্ঠানের অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানও খোলা রাখার নির্দেশনা দেওয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জাবের মো. সোয়াহিন স্বাক্ষরিত প্রজ্ঞাপন অনুযায়ী, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে ১৭ ও ২৪ মে একাডেমিক কার্যক্রম চালু রাখতে এবং প্রয়োজনীয় প্রস্তুতি নিতে নির্দেশ দেওয়া হয়েছে।

প্রজ্ঞাপনটি ইতোমধ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, এনটিআরসিএ, এনসিটিবি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বিভিন্ন শিক্ষা বোর্ডসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহে পাঠানো হয়েছে।